
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
www.frc.gov.bd


# নিরীক্ষকের তালিকাভুক্তি নবায়ন আবেদনের গাইডলাইন

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর তালিকাভুক্ত নিরীক্ষকগণের তালিকাভুক্তি নবায়নের জন্য ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ৮ অনুযায়ী কাউন্সিলের নিকট আবেদন করতে হবে।


নিরীক্ষকের তালিকাভুক্তি নবায়নের জন্য তালিকাভুক্ত সকল নিরীক্ষকগণের আবেদনপত্র পূরণে প্রয়োজনীয় গাইডলাইন নিম্নে উল্লেখ করা হলো:

| | |
|---|---|
| কারা তালিকাভুক্তি নবায়নের জন্য আবেদন করতে পারবে? | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর তালিকাভুক্তি সনদ প্রাপ্ত সকল নিরীক্ষক তালিকাভুক্তি নবায়নের জন্য আবেদন করতে পারবে। |
| তালিকাভুক্তি সনদ কোথায় জমা প্রদান বা সংযুক্ত করতে হবে? | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ৮ এর উপ-বিধি ১ অনুযায়ী তালিকাভুক্তি নবায়নের জন্য অনলাইন এবং অফলাইন উভয় আবেদনপত্রের সাথে তালিকাভুক্তি সনদের ছায়ালিপি সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে। |
| কিভাবে তালিকাভুক্তি সনদ পাওয়া যাবে এবং ফি’র পরিমাণ? | তালিকাভুক্ত নিরীক্ষকগণ এই লিংকে (http://129.150.38.18:9000/login) প্রবেশ করে তার User ID এবং Password ব্যবহার করে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ বর্ণিত তালিকাভুক্তি সনদ ফি (১০০০/- টাকা) এর সাথে ১৫% ভ্যাটসহ মোট ১,১৫০/- টাকা প্রদান করে তালিকাভুক্তি সনদ নিম্নে প্রদর্শিত উপায়ে ডাউনলোড করতে পারবেন। উল্লেখ্য যে, ফার্মের ইনচার্জ ব্যতীত অন্য কেউ নিরীক্ষা ফার্মের সনদ ডাউনলোড করতে পারবেন না।<br><br>User ID এবং Password ব্যবহার করে Login করলে আপনার Dashboard থেকে নিম্নোক্ত অপশনগুলো দেখতে পাবেন। Enlistment Certificate ডাউনলোড করতে ‘Download Certificate’ এ ক্লিক করুন।<br><br> |

‘Download Certificate’ এ ক্লিক করলে নিম্নোক্ত পপ-আপ উইন্ডোটি দেখতে পাবেন। ‘Proceed with Payment’ এ ক্লিক করেন। একাধিকবার Certificate ডাউনলোডের ক্ষেত্রে একাধিকবার Payment করতে হবে।




‘Proceed with Payment’ এ ক্লিক করলে নিম্নোক্ত পপ-আপ উইন্ডোটি দেখতে পাবেন। এখান থেকে ‘Skip This Step’ এ ক্লিক করে প্রযোজ্য পেমেন্ট মাধ্যম (কার্ডস/ মোবাইল ব্যাংকিং/ নেট ব্যাংকিং) ব্যবহার করে Payment সম্পন্ন করুন। Payment সম্পন্ন হলে Certificate ডাউনলোড করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করুন এবং ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করুন।



| | |
|---|---|
| নিরীক্ষকের তালিকাভুক্তি নবায়ন আবেদনের ফি'র পরিমাণ | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর তালিকাভুক্ত নিরীক্ষকগণের তালিকাভুক্তি নবায়ন আবেদনের জন্য ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ বর্ণিত নবায়ন ফি এর সাথে ১৫% ভ্যাটসহ ফি প্রদান করতে হবে।<br>• আবেদনকারী চার্টার্ড একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে তালিকাভুক্তি নবায়নের জন্য ফি ২,৫০০/- টাকা এবং ১৫% ভ্যাটসহ মোট ২,৮৭৫/- টাকা প্রদান করতে হবে।<br>• আবেদনকারী কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে তালিকাভুক্তি নবায়নের জন্য ফি ১,৫০০/- টাকা এবং ১৫% ভ্যাটসহ মোট ১,৭২৫/- টাকা প্রদান করতে হবে।<br>• অনলাইন/অফলাইন এ নিরীক্ষক তালিকাভুক্তি নবায়ন আবেদনের ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে। |


## নিরীক্ষকের তালিকাভুক্তি নবায়নের আবেদন ফরম পূরণের গাইডলাইন:

| | |
|---|---|
| আবেদন নিবন্ধন নং ও তারিখ | কাউন্সিল কর্তৃক পূরণীয় (আবেদনকারীকে পূরণ করতে হবে না)। |
| তালিকাভুক্তির নিবন্ধন নং ও তারিখ | |
| অন্যান্য তথ্য (Other Information) | **আয়কর রির্টান প্রদানের হালনাগাদ তথ্য (Up-to-date income tax payment info.):** আয়কর রির্টান জমাকরণের প্রাপ্তি স্বীকার পত্রের ছায়ালিপি (Return Acknowledgment Slip) সংযুক্ত করতে হবে। |
| ফার্মের মালিক বা অংশীদারগণের তথ্য | • ফার্মের মালিক বা অংশীদারগণের তথ্য প্রদানের ক্ষেত্রে হালনাগাদকৃত নিরীক্ষা চর্চা সনদ (CoP) এর ছায়ালিপি বাধ্যতামূলকভাবে জমা প্রদান করতে হবে।<br>• ফার্মের মালিক বা অংশীদারগণের তথ্য প্রদানের ক্ষেত্রে নিরীক্ষা চর্চা সনদ (CoP) নং ও তারিখ হবে সর্বশেষ প্রাপ্ত নিরীক্ষা চর্চা সনদ (CoP) নং ও তারিখ।<br>• ফার্মের মালিক বা অংশীদারগণের অভিজ্ঞতার বছর প্রথম নিরীক্ষা চর্চা সনদ (CoP) প্রাপ্তির দিন হতে গণনা করতে হবে। |
| নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (Regulatory Authority) | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ২(ঙ) এর সংজ্ঞা অনুযায়ী "নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অর্থ এইরূপ কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান যাহার নিকট রেজিস্টারভুক্ত, নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত না হইলে বা উক্ত কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠানের অনুমোদন না পাইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা জনস্বার্থ সংস্থা উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না"। |
| হলফনামা (Affidavit) | • আবেদনকারী কর্তৃক হলফনামাটি স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর বিধান অনসারে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে সম্পাদন করতে হবে।<br>• হলফনামা অনলাইন আবেদনের ক্ষেত্রে স্ক্যান কপি এবং অফলাইন আবেদনের ক্ষেত্রে মূল কপি জমা প্রদান করতে হবে। |


**ফি পেমেন্ট পদ্ধতি**

**১) অনলাইন পেমেন্ট পদ্ধতি:**

- অনলাইন আবেদনপত্রের Payment অপশনে গিয়ে Select Item হতে প্রযোজ্য ফি এর Item নির্বাচন করে Pay Online বাটনে ক্লিক করতে হবে।





- Pay Online বাটনে ক্লিক করলে নিম্নের উইন্ডোটি দেখতে পাবেন।




- উইন্ডোতে প্রদর্শিত পেমেন্ট মাধ্যম (কার্ডস/ মোবাইল ব্যাংকিং/ নেট ব্যাংকিং) ব্যবহার করে প্রযোজ্য ফি প্রদান করুন।
- অনলাইনে নিরীক্ষকগণের যেকোন ফি জমাকরণ রশিদের মূলকপি অনলাইন এবং অফলাইন উভয় আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।

**২) অফলাইন পেমেন্ট পদ্ধতি:**

- নিরীক্ষকের প্রযোজ্য ফি **"FRC AUDITOR ENLISTMENT FUND"** এর নামে যে কোন তালিকাভুক্ত ব্যাংকের মাধ্যমে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে।
- পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সম্পন্ন হলে অনলাইন আবেদনপত্রের পেমেন্ট অপশনে গিয়ে আবেদনকারীর প্রযোজ্য ফি অনুসারে Offline Payment Information এর সকল তথ্য ও পে-অর্ডারের স্ক্যান কপি পিডিএফ আকারে অনলাইন আবেদনপত্রে সংযুক্ত করে Save Draft & Continue বাটনে ক্লিক করতে হবে।
- পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।




*** অনলাইন আবেদনপত্রে উল্লেখিত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ প্রদানপূর্বক Final Submit এর পূর্বে বার বার যাচাই-বাছাই করুন। প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ কেবলমাত্র সঠিক হলেই Final Submit করুন, কেননা Final Submit এর পরে আর কোন তথ্য-উপাত্ত বা সংযুক্তি পরিবর্তন করা সম্ভব নয়।

*** Final Submit এর পরে Print Process বাটনে ক্লিক করে আবেদনপত্রটি প্রিন্ট করুন এবং প্রিন্টকৃত আবেদনপত্রটি অফলাইন আবেদনপত্র হিসেবে প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে এফআরসি'র কার্যালয়ে জমা প্রদান করুন।